দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম

015

মনাজ আহমেদ নর

মুনাজ ইঞ্জিনিয়ার হতে ইচ্ছুক

(স্টাফ রিপোর্টার)

মনাজ আহমেদ নর এবার কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকার শীর্ষস্থান দখল করেছে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্র মনাজ বিজ্ঞানে চার বিষয়ে লেটার সহ ৯০১ নম্বর পেয়েছে।

নিরলস শ্রম, নিয়মিত পড়াশনা এবং পারিবারিক ঐতিহ্যই মনাজকে এই উজ্জ্বল সাফল্য এনে দিয়েছে। মনাজ জানান: পারিবারিক ঐতিহ্যকে ধরে রাখতে ক্লাশে বরাবরই প্রথম পাঁচজনের মধ্যে থাকার জন্যে তার সব সময় চেষ্টা ছিল এবং সফলও হয়েছেন।

কৃতি ছাত্র মনাজ আরও জানান ভাল ফল করতে তাকে কলেজে নিয়মিত চার ঘন্টা এবং ছুটিতে বাসায় এলে নয়মিত ৮/৯ ঘন্টা পড়তে হয়েছে। পড়াশনার ফাঁকে মনাজ ফুটবল, হকি, ক্রিকেট বাস্কেট বল ইত্যাদি খেলাধূলায় ব্যস্ত থেকেছেন। খেলোয়াড় হিসাবে কলেজ টিমেও তার নাম রয়েছে।

ভবিষ্যতে মনাজ একজন সিভিল ইঞ্জিনীয়ার হওয়ার ইচ্ছার কথা জানিয়েছেন। তার সখ স্ট্যাম্প সংগ্রহ করা। ফুটবলে আবাহনীর সমর্থক মনাজের প্রিয় ক্রিকেট দল পাকিস্তান এবং প্রিয় ঔপন্যাসিক শংকর ও হুমায়ূন আহমেদ।

মনাজ গ্রুপ ক্যাপ্টেন এ কে এম মহসীন ও নূরজাহান মহসীনের দ্বিতীয় পুত্র।



জিয়া একজন গর্বিত সৈনিক হতে চায়

(স্টাফ রিপোর্টার)

যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় শীর্ষস্থান অধিকারী জিয়া হাসান চৌধুরী একজন গর্বিত সৈনিক হতে চান। ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র জিয়া চার বিষয়ে লেটারসহ ৯১৩ নম্বর পেয়েছেন।

ভাল ফল করতে জিয়া হাসান নিয়মিত পাঁচ থেকে ছয় ঘন্টা করে পড়াশনা করেছেন। তার বাবা জহুরুল হক কুষ্টিয়া টেকনিক্যাল স্কুলের অধ্যক্ষ।

গুলশান সাদিয়া

নিয়মিত পড়াশুনাই সাদিয়ার সাফল্য এনেছে

(স্টাফ রিপোর্টার)

গুলশান আরা সাদিয়া এবার ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি বিভাগে প্রথম স্থান লাভ করেছে।

নিয়মিত পড়াশনোই তার এই সফলতা এনে দিয়েছে বলে সাদিয়া জানায়। তার বাবা মরহুম মানসুর আল ফারুকী রেডিও বাংলাদেশ-এর সহকারী আঞ্চলিক পরিচালক ছিলেন। তার মা জুলেখা ফারুকী একটি প্রাইভেট ফার্মে চাকরি করেন।

এহসানুল করিম

কঠোর শ্রমেই নাজিম সফল হয়েছে

(স্টাফ রিপোর্টার)

এহসানুল করিম নাজিম এবার ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকার সপ্তম স্থান দখল করেছেন ঢাকা কলেজের ছাত্র নাজিম চার বিষয়ে লেটারসহ ৯০৬ নম্বর পেয়েছেন।

কঠোর শ্রম আর অধ্যবসায়ই নাজিমকে এ সাফল্য এনে দিয়েছে। পড়ার ফাঁকে কৃতি ছাত্র নাজিম অবসর কাটিয়েছেন গান শোনে ও খেলা দেখে। তার সখ বই পড়া।

এহসানুল করিম নাজিম কম্পিউটার বিষয়ে পড়াশনা করে ভবিষ্যতে একজন কম্পিউটার ইঞ্জিনীয়ার হওয়ার আশা প্রকাশ করেছেন। নাজিম তার বাবা-মা প্রফেসর আনোয়ারুল করিম ও মিসেস ফরিদা আনোয়ারের জ্যেষ্ঠ পুত্র।

অলক সূত্রধর

বই পড়া ও টেনিস খেলা অলকের শখ

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় অলক সূত্রধর ষষ্ঠ স্থান লাভ করেছে। ঢাকা কলেজের কৃতী ছাত্র অলক চার বিষয়ে লেটারসহ ৯০৭ নম্বর পেয়েছে।

অলক ভাল রেজাল্টের জন্যে নিয়মিত পড়াশনা করেছে। তার আলাদা কোন টিউটর ছিল না। [illegible] ব্যাচ করে সে প্রাইভেট টিউটরের কাছে পড়েছে।

কৃতী ছাত্র অলক জানায়: সে কম্পিউটার ইঞ্জিনীয়ারিং বিষয়ে পড়াশনা করতে আগ্রহী। তার শখ বইপড়া ও লন টেনিস খেলা।

শামসুল আবেদীন

সামছুলের আগ্রহ ফুটবল ও ক্রিকেটে

(স্টাফ রিপোর্টার)

রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৯০০ নম্বর পেয়ে পঞ্চম স্থান অধিকার করেছেন রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মোঃ সামছুল আবেদীন ওরফে শ্যামল। শ্যামল এসএসসিতেও ৬ষ্ঠ স্থান লাভ করেছিলেন।

তাঁর বাবা জয়নাল আবেদীন ভুইয়া বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের রিজিওন্যাল ম্যানেজার। মা একজন শিক্ষিকা। শ্যামলের ছোট ভাই কামরুল আবেদীন গত এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ড থেকে চতুর্থ স্থান অধিকার করেন।

শ্যামল ভবিষ্যতে প্রকৌশলী হতে চান।

শ্যামল প্রতিদিন গড়ে ৭/৮ ঘন্টা পড়াশোনা করেছেন। পড়াশোনায় উৎসাহ দিয়েছেন বাবা, মা ও শিক্ষকমন্ডলী। লেখাপড়ার বাইরে ওর পছন্দ ফুটবল ও ক্রিকেট খেলা।